ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৬১৭
কাঞ্চনপুর, ২৯ আগস্ট, ২০২৫

**কাঞ্চনপুরে জাতীয় ক্রীড়া দিবস উদযাপিত**

কাঞ্চনপুর মহকুমা ভিত্তিক জাতীয় ক্রীড়া দিবস পালন অনুষ্ঠানের আয়োজন করা হয় যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মহকুমা অফিস প্রাঙ্গণে। ক্রীড়া দিবস উপলক্ষ্যে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং ক্রীড়া দপ্তরের আধিকারিক ও কর্মীগণকে নিয়ে আয়োজিত র‍্যালি বিভিন্ন পথ পরিক্রমা করে ক্রীড়া কার্যালয়ের সামনে সমবেত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লালজুরি বিএসি'র চেয়ারম্যান অজন্ত কুমার চৌধুরী, দশদা বিএসি'র চেয়ারম্যান উদারাম রিয়াং, কাঞ্চনপুর মহকুমা ডিগ্রি কলেজের প্রিন্সিপাল এল সাইলো, মহকুমা ক্রীড়া আধিকারিক অভিজিৎ চৌধুরী প্রমুখ। অতিথিগণ নিয়মিত খেলাধুলা করার জন্য ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান।

*****